

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার

\*\*\*\*\*

স-২০৬৮

আগরতলা, ০৪ সেপ্টেম্বর, ২০১৮

**শ্রেষ্ঠ ত্রিপুরার পাশাপাশি সবুজ ত্রিপুরা গড়াও আমাদের মিশন : মুখ্যমন্ত্রী**

বৃক্ষের সাথে মানুষের এক নিবিড় সম্পর্ক রয়েছে। এ জন্য ভারতীয় সভ্যতাতে বহুকাল আগে থেকে বৃক্ষের পূজা করার রীতি চালু আছে। এই পরম্পরা আজও আমাদের দেশে বিদ্যমান। আজ ত্রিপুরা বিধানসভা ভবনের দক্ষিণ-পশ্চিম পাশে বন দপ্তরের উদ্যোগে আয়োজিত বৃক্ষ রোপণ অনুষ্ঠানে বৃক্ষ রোপণ করে সাংবাদিকদের সাথে কথা বলতে গিয়ে মুখ্যমন্ত্রী বিপ্লব কুমার দেব এ কথাগুলি বলেন। তিনি বলেন, বর্তমানে পৃথিবীর বিভিন্ন দেশে বৃক্ষ পূজা করা হয়। কিন্তু আমাদের দেশে এই বৃক্ষের পূজা অনেক আগে থেকেই চালু রয়েছে। মুখ্যমন্ত্রী সাংবাদিকদের বলেন, আজ এই অনুষ্ঠানে আগর গাছ লাগানো হয়েছে। এই আগর গাছ থেকেই মানুষ আর্থিকভাবে লাভবান হতে পারে। তিনি আরও বলেন, যথেষ্ট সংখ্যক আগর গাছ উত্তর ত্রিপুরায় রয়েছে। বন দপ্তর আধুনিক পদ্ধতির মাধ্যমে আগর গাছকে কাজে লাগিয়ে সুগন্ধি ইত্যাদি তৈরি করে মানুষের রোজগারের ব্যবস্থা করার কাজ করছে। তিনি সবাইকে নিজ বাড়িতে গাছ লাগানোর আহ্বান জানিয়ে বলেন, এর ফলে বৃক্ষের সংখ্যা বৃদ্ধি পাবে। তিনি বলেন, ত্রিপুরার মানুষ প্রকৃতিপ্রেমী। বড় মাত্রায় জনজাতির প্রকৃতির সাথে নিবিড়ভাবে জড়িয়ে রয়েছে। এই অনুষ্ঠান সকলের কাছে একটা বার্তা নিয়ে যাবে এবং আমাদের সরকারের মিশন শ্রেষ্ঠ ত্রিপুরার পাশাপাশি সবুজ ত্রিপুরা গড়ার সফলরূপ পাবে।

উল্লেখ্য, এই বৃক্ষ রোপণ অনুষ্ঠানে মুখ্যমন্ত্রী শ্রীদেব একটি আগর গাছের চারা রোপণ করেন। এ ছাড়া অনুষ্ঠানে উপ-মুখ্যমন্ত্রী যীষু দেববর্মা, রাজস্ব মন্ত্রী নরেন্দ্র চন্দ্র দেববর্মা, বনমন্ত্রী মেবার কুমার জামাতিয়া ও মুখ্যসচিব সঞ্জীব রঞ্জন বৃক্ষ রোপণ করেন। অনুষ্ঠানে মুখ্যমন্ত্রীর প্রধান সচিব কুমার অলক, বন দপ্তরের প্রধান মুখ্য বন সংরক্ষক ড. অলিন্দ রস্তোগী সহ সংশ্লিষ্ট বিভিন্ন দপ্তরের পদস্থ আধিকারিকরা উপস্থিত ছিলেন।

\*\*\*\*\*